# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৩৬

১/ বিবিধ

আরবী

ما من قوم يظهر فيهم الزنا إلا أخذوا بالسنة، وما من قوم يظهر فيهم الرشا، إلا أخذوا بالرعب

ضعيف

أخرجه أحمد (4/205) عن ابن لهيعة عن عبد الله بن سليمان عن محمد بن راشد المرادي عن عمرو بن العاص قال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: فذكره

قلت: وهذا إسناد مسلسل بالعلل

الأولى: الانقطاع بين المرادي وعمرو. قال الحافظ في التعجيل

وقد سقط رجل بين محمد وعمرو، فقد ذكر ابن يونس في المصريين محمد بن راشد المرادي، روى عن رجل عن عبد الله بن عمرو، وذكر البخاري وابن أبي حاتم وابن حبان في " الثقات ": محمد بن راشد بن أبي سكينة، روى عن أبيه، وعنه حرملة بن عمران المصري، قال البخاري: " حديثه في المصريين ". وأنا أظن أنه هذا والله أعلم

الثانية: جهالة المرادي هذا، قال الحسيني: مجهول غير معروف

الثالثة: عبد الله بن سليمان وهو أبو حمزة البصري الطويل. قال الحافظ: صدوق يخطىء الرابعة: ابن لهيعة، وهو عبد الله سيىء الحفظ

واعلم أن في الأخذ بالسنين حديثا آخر بلفظ: ولم ينقصوا المكيال والميزان إلا أخذوا بالسنين، وشدة المؤنة وجور السلطان عليهم

وهو مخرج في " الصحيحة " (106)

বাংলা

১২৩৬। যে সম্প্রদায়ের মাঝেই ব্যভিচার বিস্তার লাভ করবে তাদেরকেই দুর্ভিক্ষ গ্রাস করবে। আর যে সম্প্রদায়ের মাঝেই ঘুষ বিস্তার লাভ করবে তাদেরকে আতংক গ্রাস করবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ইমাম আহমাদ (৪/২০৫) ইবনু লাহীয়াহ হতে, তিনি আব্দুল্লাহ ইবনু সুলাইমান হতে, তিনি মুহাম্মাদ ইবনু রাশেদ মুরাদী হতে, তিনি আমর ইবনুল আস (রাঃ) হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এর সনদে ধারাবাহিকভাবে সমস্যা রয়েছেঃ

১। মুরাদী এবং আমর এর মাঝে সনদে বিচ্ছিন্নতা। হাফিয ইবনু হাজার "আত-তা'জীল" গ্রন্থে বলেনঃ মুহাম্মাদ এবং আমরের মাঝের ব্যক্তি পড়ে গেছে।

২। মুহাম্মাদ আল-মুরাদী অপরিচিত। হুসাইনী বলেনঃ তিনি মাজহুল, পরিচিত নন।

৩। আব্দুল্লাহ ইবনু সুলাইমান হচ্ছেন আবু হামযাহ বাসর আত্বীল। হাফিয ইবনু হাজার তার সম্পর্কে বলেনঃ তিনি সত্যবাদী, কিন্তু ভুলকারী।

৪। ইবনু লাহীয়াহ তিনি হচ্ছেন আব্দুল্লাহ। তিনি মন্দ হেফযের অধিকারী।

দুর্ভিক্ষ গ্রাস করা বিষয়ে আরেকটি হাদীস নিম্নলিখিত ভাষায় বর্ণিত হয়েছে এটি সহীহঃ

ولم ينقصوا المكيال والميزان إلا أخذوا بالسنين، وشدة المؤنة وجور السلطان عليهم

তারা যখনই তাদের পরিমাপের পাত্রে এবং দাঁড়িপাল্লায় কম দিবে তখনই তাদেরকে দূর্ভিক্ষ গ্রাস করবে ...। এটিকে আমি "সিলসিল্যাহ সহীহাহ" গ্রন্থে (১০৬) উল্লেখ করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72115

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন